

পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করন
বাগনান ১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, হাওড়া

স্মারক সংখ্যা- ৩০ /আই. সি. ডি. এস. / বাগ -১

তারিখ- ২৮ / ০১ / ২০১৯

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে বাগনান -১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের স্মারক সংখ্যা নং ২৮২/আই.সি.ডি.এস./বাগ-১, তাঃ ১৫/৩/২০১৮ অনুযায়ী লিখিত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। প্রার্থীগণ উপরি উল্লিখিত কার্যালয় থেকে তাদের ফলাফল জানতে পারবেন।

প্রার্থীগণ নিজে তাদের পূর্বে সংগঠিত লিখিত পরীক্ষার আসল প্রবেশপত্র নিয়ে তাদের মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন ৩০/০১/২০১৯ থেকে ০৭/০২/২০১৯ (কর্মী এবং সহায়িকা উভয়ের জন্যে) তারিখ পর্যন্ত। অন্যথায় ডাক যোগে পাঠানো হবে এবং সে ক্ষেত্রে অফিস কর্তৃপক্ষ কোনো ভাবেই পৌঁছানোর জন্যে দায়ী থাকবে না। আসল লিখিত পরীক্ষার প্রবেশপত্র ছাড়া হাতে-হাতে মৌখিক পরীক্ষার প্রবেশপত্র প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষা ১৪/০২/২০১৯ থেকে ২৪/০২/২০১৯ (প্রঃ অর্ধ) তারিখ পর্যন্ত (কর্মীদের জন্যে) ও ২৪/০২/২০১৯ (দ্বি অর্ধ) থেকে ২৬/০২/২০১৯ (সহায়িকাদের জন্যে) তারিখ পর্যন্ত অনুষ্ঠিত হবে বাগনান -১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অফিস কার্যালয়ে।

লিখিত পরীক্ষার সফল প্রার্থীদের মোবাইল নম্বরে এস.এম.এস এর মাধ্যমে পরীক্ষার ফল জানানোর ব্যবস্থা করা হচ্ছে।

 ২৮/০১/১৯

শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক ও
আহ্বায়ক, নির্বাচক কমিটি
বাগনান -১ নং আই.সি.ডি.এস. প্রকল্প, হাওড়া

পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করন
বাগনান ১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, হাওড়া

স্মারক সংখ্যা- ৩৭/আই. সি. ডি. এস. / বাগ -১

তারিখ- ২৯ / ০১ / ২০১৯

সংশোধনী

উপরোক্ত অফিসের স্মারক সংখ্যা- ৩০ /আই. সি. ডি. এস. / বাগ -১ তারিখ- ২৮ / ০১ / ২০১৯ এর
বিজ্ঞপ্তি অনুযায়ী কিছু সংশোধনী নিম্নে দেওয়া হলো -

বাগনান -১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের স্মারক সংখ্যা নং ২৮২/আই.সি.ডি.এস/বাগ-১, তাঃ
১৫/৩/২০১৮ অনুযায়ী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা
হচ্ছে। প্রার্থীগণ উপরি উল্লিখিত কার্যালয় থেকে উত্তরণ স্বাপক্ষে তাদের রোল নং. জানতে পারবেন।

উপরিউল্লিখিত বিজ্ঞপ্তির প্রতিলিপি তথ্যের জন্যে অনিচ্ছাকৃত ভুলবশত মাননীয় মন্ত্রী শ্রী রাজীব
ব্যানার্জী, অনগ্রসর শ্রেণী কল্যান দপ্তর (Backward Classes Welfare), পশ্চিমবঙ্গ সরকার এবং মাননীয়
বিধায়ক ডোমজুর বিধানসভা, হাওড়া প্রেরণ করা হয়েছে এবং ভুল বশতঃ পূর্বের পদ উল্লেখ করা হয়েছে।

এই অনিচ্ছাকৃত ভুলের জন্য নিঃ শর্ত ক্ষমা প্রার্থনীয়। বিজ্ঞপ্তিটির বাকি অংশ অপরিবর্তনীয়।

 ২৭/০১/১৯

শিশু বিকাশ প্রকল্প আধিকারিক
বাগনান ১ নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
বাগনান, হাওড়া।